

প্রকল্পের সার-সংক্ষেপ।

- ১) প্রকল্পের নামঃ Procurement of Saline Water Treatment Plant (2 ton truck mounted)
- ২) উদ্যোগী মন্ত্রণালয়ঃ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ৩) বাস্তবায়নকারী সংস্থাঃ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর।
- ৪) প্রস্তাবিত বাস্তবায়নকালঃ এপ্রিল ২০১৩ হতে মার্চ ২০১৬ পর্যন্ত।
- ৫) প্রকল্প এলাকাঃ খুলনা, সাতক্ষীরা, বাগেরহাট, পিরোজপুর, বরগুনা এবং ঝালকাঠি জেলার অন্তর্গত ১৯টি উপজেলা।
- ৬) প্রকল্পের প্রাক্কলিত ব্যয় এবং অর্থায়নঃ
- | বিবরণ | মোট
(কোটি টাকায়) | উৎস |
|-----------------|----------------------|---------------|
| জিওবি | ৪৩.৪৯ | জিওবি এবং |
| প্রকল্প সাহায্য | ১৫৩.৬৯ | জাপান সরকারের |
| মোট | ১৯৭.১৮ | অনুদান |
- ৭) প্রকল্পের মূল উদ্দেশ্যঃ
- (ক) লবনাক্ত পানি পরিশোধনের মাধ্যমে দুর্যোগকালীন এবং দুর্যোগান্তর সময়ে উপকূলীয় এলাকার দুর্যোগ আক্রান্ত মানুষকে বিশুদ্ধ পানি সরবরাহ করা।
- (খ) দুর্যোগ ব্যবস্থাপনার বিষয়ে অত্যাধুনিক প্রযুক্তি প্রয়োগের মাধ্যমে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এর দক্ষতা বৃদ্ধিকরণ।
- ৮) প্রকল্পের আওতায় বাস্তবায়িতব্য প্রধান প্রধান কার্যক্রম ও ব্যয়ঃ
- | প্রধান অংগের নাম | পরিমাণ | ব্যয়
(কোটি টাকায়) |
|--------------------------------|--------|------------------------|
| ১) ট্রাক মাউন্টেড RO প্লান্ট | ৩০টি | ১৪৩.৮৮ |
| ২) সিডি/ভ্যাট | থোক | ৩৬.২৫ |
| ৩) জনবল | ২০ জন | ৮২.৯২ |
| ৪) Ro membrane
রক্ষণাবেক্ষণ | থোক | ৭৮.৬০ |
| ৫) শেডি নির্মাণ | থোক | ৮০.০০ |
- ৯) প্রকল্প গ্রহণের যৌক্তিকতাঃঃ
- ক) পটভূমিঃঃ
- বাংলাদেশ বিশ্বের অন্যতম একটি দুর্যোগ প্রবণ দেশ। জলবায়ু পরিবর্তনের প্রভাবে ঘূর্ণিঝড়, বন্যা ও খরার প্রকোপ উত্তোরত্তর বৃদ্ধি পাচ্ছে। সিডর, আইলার মত দুর্যোগ পরবর্তীকালে বিদ্যমান পানি সরবরাহ অবকাঠামোসমূহ অকার্যকর হয়ে যাওয়ায় দুর্গত এলাকায় বিশুদ্ধ পানি সরবরাহ করা কঠিন হয়ে পড়ে।
 - উপকূলীয় কোন কোন এলাকায় মানুষ খাবার পানির জন্য ভু-উপরিস্থ (পুকুরের) পানির উপর নির্ভরশীল। সাইক্লোন পরবর্তীকালে উক্ত খাবার পানির উৎসগুলো লবনাক্ত হয়ে ব্যবহার অনুপযোগী হয়ে পড়ে।
 - উপরোক্ত সমস্যা সমাধান এর জন্য জাপান সরকারের আর্থিক সহায়তায় ৩০টি ট্রাক মাউন্টেড RO প্লান্ট সংগ্রহ করা হবে যেগুলো দ্বারা লবনাক্ত পানি পরিশোধের মাধ্যমে দুর্যোগকালীন এবং দুর্যোগান্তর সময়ে দুর্গত এলাকায় বিশুদ্ধ পানি সরবরাহ নিশ্চিত করা সম্ভব হবে।

খ) ৬ষ্ঠ পঞ্চবার্ষিক পরিকল্পনার
উদ্দেশ্য ও লক্ষ্যের সাথে প্রকল্পের
সংগতিপূর্ণতাঃ

SFYP টার্গেট

বিবেচ্য/প্রস্তাবিত প্রকল্পের টার্গেট

Adaptation Against
Drought, Salinity
Resistance and Heat

৩০টি ট্রাক মাউন্টেড RO প্লান্ট সংগ্রহের
মাধ্যমে লবনাক্ত পানি পরিশোধন করে
উপকূলীয় এলাকায় দুর্যোগ আক্রান্ত মানুষকে
বিশুদ্ধ পানি সরবরাহকরন।

১০) উন্নয়ন সহযোগী সংস্থা/দেশের
প্রধান প্রধান শর্তাবলীঃ

- ২ টন ট্রাক মাউন্টেড লবনাক্ততা দূরীকরন প্ল্যান্ট পরিচালন ও রক্ষণাবেক্ষণের
জন্য প্রয়োজনীয় জনবল জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর নিয়োগ প্রদান করবে।
- পরিচালনা ও রক্ষণাবেক্ষণের জন্য যাবতীয় ব্যয়ভার বাংলাদেশ সরকার বহন
করবে।

প্ল্যান্টগুলোর স্টোরেজ ফ্যাসিলিটি বাংলাদেশ সরকার কর্তৃক নির্মাণ করতে হবে।

১১) প্রকল্প সমাপ্তির পর পরিচালনা ও
রক্ষণাবেক্ষণ

- প্রকল্প সমাপ্তির পর প্ল্যান্টগুলো পরিচালন, রক্ষণাবেক্ষণ ও কার্যোপযোগী রাখার
জন্য প্রতি বছর গড়ে ৩.২৭ কোটি টাকার প্রয়োজন হবে যা জনস্বাস্থ্য প্রকৌশল
অধিদপ্তর এর অনুকূলে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক অনুন্নয়ন বাজেট (রাজস্ব
বাজেট) হতে প্রদান করতে হবে।

